দৈনিক
ইত্তেফাক

01 JAN 2003
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# ডিগ্রী পরীক্ষায় মোবাইলে উত্তর সংগ্রহের অভিনব পদ্ধতি ॥ বহিষ্কার ২ সহস্রাধিক

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল মঙ্গলবার ছিল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার প্রথম দিন। বিষয় ছিল ইংরেজী। প্রতিবারের মত এবারও দেশের বিভিন্ন এলাকার পরীক্ষা কেন্দ্রে ব্যাপক হারে নকল হয়েছে। বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে বস্তায় বস্তায় নকল উদ্ধার হয়েছে। বরিশালের দু'টি পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোনে অভিনব পদ্ধতিতে প্রশ্নপত্রের উত্তর ২য় পৃষ্ঠায় ২-এর কঃ

## ডিগ্রী পরীক্ষায়

(প্রথম পৃষ্ঠার পর)

সংগ্রহের সময় দুইজন পরীক্ষার্থী হাতেনাতে ধরা পড়েছে। পরীক্ষায় অসদুপায় অবলম্বন করতে গিয়ে সারাদেশে বহিষ্কৃত হয়েছে দুই সহস্রাধিক পরীক্ষার্থী। এবার এক কলেজের পরীক্ষার্থী অন্য কলেজ কেন্দ্রে পরীক্ষা দিচ্ছে। সারাদেশে সাতশ' ভিজিলেন্স টীম নিয়োগ করা হয়েছে। তবুও গতকাল দেশের বিভিন্ন কেন্দ্রে আইন-শৃঙ্খলা পরিস্থিতি ছিল অত্যন্ত নাজুক। দেহ তল্লাশী করে পরীক্ষার হলে প্রবেশের নিয়ম অনেক কেন্দ্রে 'লোক দেখানো' মানসিকতায় পালিত হয়েছে। এর ফলে অনেকেই মোবাইল ফোন, নকলের কপি নিয়ে পরীক্ষার হলে ঢুকেছে। কেন্দ্রের ১৪৪ গজের মধ্যে ৪-এর অধিক লোকজনের (পরীক্ষা বহির্ভূত) চলাফেরা নিষিদ্ধ ঘোষণা করা হলেও দেশের অনেক কেন্দ্রে এ নির্দেশ পালিত হয়নি। তবে বেশ কয়েকটি কেন্দ্রে স্থানীয় প্রশাসন ও নেতৃস্থানীয় ব্যক্তিদের আন্তরিক সহযোগিতায় পরীক্ষা নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হয়েছে।

ইত্তেফাকের সংবাদদাতারা জানান:- গতকাল ডিগ্রীর ইংরেজী পরীক্ষা চলাকালে শ্রীপুরের একটি কেন্দ্রে এক বস্তা, জামালপুরের সরিষাবাড়ীতে একটি কেন্দ্রে তিন বস্তা, নেত্রকোনায় ২ বস্তা নকল উদ্ধার করা হয়েছে। কাউনিয়ায় ডিগ্রী পরীক্ষা কেন্দ্র থেকে ভুয়া পরিদর্শককে গ্রেফতার করা হয়েছে। ফরিদপুরে প্রশ্নপত্র ফটোকপি করার সময় ৪ জন পুলিশের হাতে ধরা পড়ে। গতকাল পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে কুষ্টিয়ায় ১৯৬ জন, গাইবান্ধার সাদুল্লাপুরে ৪৬ জন, নীলফামারীতে ১৪১ জন, সিরাজগঞ্জে ১৯০ জন, বগুড়ায় ৯২ জন, জামালপুরে ১১ জন, বরিশালে ১০৭ জন, লালমনিরহাটে ৩৯ জন, নরসিংদীতে ১১৮ জন, সৈয়দপুরে ৪৩ জন, চৌদ্দগ্রামে ৭০ জন, চাঁপাইনবাবগঞ্জে ৪৩ জন, তাড়াশে ৩৭ জন, নেত্রকোনায় ৯১ জন, রংপুরে ১৪৬ জন, বরগুনায় ১১ জন, নোয়াখালীতে ১৮০ জনকে বহিষ্কার করা হয়।